



বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

সাঁইত্রিশতম বর্ষ (দ্বিতীয় সংখ্যা), জুলাই, ২০২৬



**Ramakrishna Mission Vidyamandira
Alumni Association**

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

সম্পাদকীয়

সময়ের প্রবাহ কখনও থেমে থাকে না। দিন, মাস, বছর অতিক্রম করে মানুষ এগিয়ে চলে জীবনের নানান পথে। কিন্তু জীবনের কিছু আশ্রয় থাকে, যা সময়ের সীমানা অতিক্রম করে চিরকাল হৃদয়ে বেঁচে থাকে। রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির তেমনই এক অনন্য প্রতিষ্ঠান— যেখানে শিক্ষা কেবল পাঠ্যপুস্তকের মধ্যে সীমাবদ্ধ নয়; শিক্ষা এখানে চরিত্র গঠনের, আত্মশুদ্ধির, মানবপ্রেমের এবং সেবার এক অবিরাম সাধনা। এই আদর্শের স্নেহছায়ায় গড়ে ওঠা অসংখ্য ছাত্র আজ পৃথিবীর নানা প্রান্তে কর্মব্যস্ত জীবনে প্রতিষ্ঠিত। কেউ শিক্ষক, কেউ বিজ্ঞানী, কেউ প্রশাসক, কেউ শিল্পোদ্যোগী, কেউ সমাজসেবী। পেশার ভিন্নতা থাকলেও তাঁদের পরিচয়ের মূল সূর একটাই—তাঁরা সকলেই বিদ্যামন্দিরের প্রাক্তনী। এই পরিচয় কেবল একটি শিক্ষাপ্রতিষ্ঠানের নয়; এটি একটি মূল্যবোধের, একটি জীবনদর্শনের এবং একটি মহান ঐতিহ্যের পরিচয়। বিদ্যামন্দিরের প্রাক্তনীরা যেখানে গিয়েছেন, সেখানেই তাঁদের কর্মনিষ্ঠা, সততা, শৃঙ্খলা ও মানবিকতার মাধ্যমে প্রতিষ্ঠানের মর্যাদা অক্ষুণ্ণ রেখেছেন। প্রাক্তনী সংসদের সার্থকতা কেবল পুনর্মিলন উৎসব আয়োজনের মধ্যে সীমাবদ্ধ নয়। এর

প্রকৃত উদ্দেশ্য হল প্রজন্মের সঙ্গে প্রজন্মের সংযোগ স্থাপন, অভিজ্ঞতার আদান-প্রদান, সমাজকল্যাণমূলক উদ্যোগ এবং প্রতিষ্ঠানের অগ্রগতিতে সক্রিয় অংশগ্রহণ। আজকের দিনে, যখন প্রযুক্তি আমাদের যোগাযোগকে সহজ করেছে, তখন মানবিক সম্পর্ককে আরও গভীর ও অর্থবহ করে তোলাই আমাদের প্রধান দায়িত্ব। ‘প্রাক্তনী বার্তা’ সেই উদ্দেশ্যেরই একটি বিনম্র প্রচেষ্টা। অতীতের প্রেরণা, বর্তমানের কর্মপ্রয়াস এবং ভবিষ্যতের সম্ভাবনাকে এক সূত্রে গেঁথে তোলাই এই পত্রিকার লক্ষ্য। আমরা চাই, বিদ্যামন্দিরের প্রতিটি প্রাক্তনী এই পরিবারের সক্রিয় সদস্য হয়ে উঠুন—তাঁর অভিজ্ঞতা, জ্ঞান, সময় ও স্নেহ দিয়ে আগামী প্রজন্মের পাশে দাঁড়ান। একজন প্রাক্তনীর সাফল্য কেবল তাঁর ব্যক্তিগত অর্জন নয়; তা বিদ্যামন্দিরের ঐতিহ্যেরও উজ্জ্বল প্রকাশ। আসুন, আমরা সকলেই আমাদের প্রিয় বিদ্যামন্দিরের চিরন্তন বাণীকে হৃদয়ে ধারণ করে এগিয়ে চলি— “আত্মনো মোক্ষার্থং জগদ্ধিতায় চ”। ব্যক্তিগত উৎকর্ষ ও সমাজকল্যাণ—এই দুইয়ের সমন্বয়েই হোক আমাদের জীবনসাধনা। প্রাক্তনী সংসদের বন্ধন আরও সুদৃঢ় হোক, বিদ্যামন্দিরের গৌরব আরও সমুজ্জ্বল হোক—এই প্রার্থনাই রইল।

শ্রী সুশান্ত দে, প্রধান সম্পাদক

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক : সুশান্ত দে

সদস্যবৃন্দ : স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যানিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ : প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।



নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— Link: <https://www.facebook.com/VidyamandiraAlumni>



Email: alumnividyamandira@gmail.com

Website: www.alumnividyamandira.in

রানি রাসমণি স্মারক বক্তৃতা : ২০২৬

বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রয়াত অধ্যাপক তারাপদ দাস প্রবর্তিত ‘রানি রাসমণি স্মারক বক্তৃতা’ এ বছর নিম্নসূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

তারিখ : ১৫ আগস্ট, ২০২৬, শনিবার

সময় : সকাল ১১ টা ৩০ মিনিট

স্থান : বিবেকানন্দ সভাগৃহ

বিষয় : ভারতীয় সাহিত্যে নারীর নিজস্ব স্বর

বক্তা : শ্রী রামকুমার মুখোপাধ্যায়

এই সভায় সকলের সাদর আমন্ত্রণ।

বিঃ দ্রঃ—“সরস্বতী সম্মান, ২০২৫”-এ ভূষিত হওয়ায় প্রাক্তনী সংসদের পক্ষ থেকে এই সভায় বক্তাকে সম্বর্ধনা জ্ঞাপন করা হবে।

বিদ্যামন্দির, ৩০ জুলাই, ২০২৬

কর্মসচিব

২০২৫-২৬ বর্ষের বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

প্রিয় সতীর্থ,

প্রাক্তনী সংসদের বার্ষিক সাধারণ সভা (২০২৫-২৬) নিম্নসূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।

তারিখ : ১৫ আগস্ট, ২০২৬ শনিবার ; সময় : বিকেল ২ টা ৩০ মিনিট ; স্থান : বিবেকানন্দ হল, বিদ্যামন্দির।

বিষয়সূচী:

- ১। বিগত ১৫.০৮.২০২৫-এ অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
- ২। কর্মসচিবের বার্ষিক প্রতিবেদন : ২০২৫-২৬
- ৩। ২০২৫-২৬ বর্ষের অডিট রিপোর্ট পেশ
- ৪। বার্ষিক প্রতিবেদন ও অডিট রিপোর্টের বিষয়ে আলোচনা ও অনুমোদন
- ৫। ২০২৬-২৭ বর্ষের অডিটর নিয়োগ
- ৬। বিবিধ (সভাপতির অনুমোদন সাপেক্ষে)

এই সভায় যোগদানের জন্য সদস্যদের আমন্ত্রণ জানাই।

বিদ্যামন্দির, ৩০ জুলাই, ২০২৬

কর্মসচিব

বিঃ দ্রঃ—সভার দিনে বিদ্যামন্দিরে মধ্যাহ্নভোজনে আগ্রহী সদস্যরা অনুগ্রহ করে ১৩ আগস্টের মধ্যে কর্মসচিবকে টেলিফোনে বা হোয়াটসঅ্যাপে (৭০০৩৬০৭৭৮৪) অথবা সহ-সভাপতিকে টেলিফোনে /হোয়াটসঅ্যাপে (৯৮৩১৪৬৪৬৬০) জানিয়ে দেবেন।

প্রয়াণ বার্তা

- সম্প্রতি প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের প্রাক্তনী যুধিষ্ঠির দে (১৯৫৪-৫৬, আই.এ.)। তিনি নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশন আবাসিক মহাবিদ্যালয়ের গণিত বিভাগে বিভাগীয় প্রধান হিসাবে অবসর গ্রহণ করেছিলেন।
- বিদ্যামন্দিরের পদার্থবিজ্ঞান বিভাগের ল্যাবরেটরি সহায়ক স্বাধীনতা প্রধান গত ২৬-১-২০২৬ তারিখে পরলোকগমন করেছেন। অবসর গ্রহণের পর তিনি থাকতেন পূর্ব মেদিনীপুরের মঠ চণ্ডীপুরে।
- বিদ্যামন্দিরের প্রাক্তনী প্রীতম গাঙ্গুলি (২০০০-০২, বিজ্ঞান; ২০০২-০৫, অর্থনীতি) গত ১৮-৩-২০২৬ তারিখে হৃদরোগে আক্রান্ত হয়ে অকালে পরলোকগমন করেছেন। কর্মজীবনে তিনি ছিলেন বন্ধন ব্যাঙ্কের সিনিয়র ম্যানেজার।
- রামকৃষ্ণলোকে স্বামী শান্তানন্দজী মহারাজ (শঙ্কর মহারাজ)। গত ১০-৬-২০২৬ তারিখে বিকাল ৪ টায় পূজ্যপাদ মহারাজের শরীর চলে যায়। পূজনীয় মহারাজ রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির, বেলুড়ের ছাত্র ছিলেন। দীর্ঘদিন বর্ধমানের শ্যামসায়র শ্রীরামকৃষ্ণ আশ্রমের অধ্যক্ষ ছিলেন। এটি বর্তমানে রামকৃষ্ণ মিশন বেলুড় মঠের শাখা কেন্দ্র হয়েছে। পূজ্যপাদ মহারাজ সম্প্রতি বিকরডাঙ্গা রামকৃষ্ণ আশ্রমে থাকতেন। পূজনীয় মহারাজ ছিলেন পরম পূজ্যপাদ শ্রীমৎ স্বামী বীরেশ্বরানন্দজী মহারাজের মন্ত্র শিষ্য।
- বিদ্যামন্দির প্রাক্তনী সুরজিৎ ধর ১৬/০৭/২৬ তারিখে প্রয়াত হয়েছেন। উনি বিদ্যামন্দিরে উচ্চ মাধ্যমিক পড়েন ১৯৮৮-৯০ শিক্ষাবর্ষে এবং ইতিহাসে স্নাতক হন ১৯৯০-৯৩ -এ। পরে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে শিক্ষকতায় যোগদান করেন। চা বাগান শ্রমিকদের উন্নয়ন নিয়ে উনি কাজ করছিলেন।

আমরা এঁদের সকলের আত্মার শান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার পরিজনদের জানাই গভীর সমবেদনা।

আনন্দ সংবাদ

- গত ১৭ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে শ্রী নীলমাধব মুখার্জি Materials Research Society of India (MRSI), Kolkata Chapter কর্তৃক MRSI Young Scientist Award 2025 সম্মানে ভূষিত হয়েছেন। শ্রী মুখার্জি বর্তমানে বিদ্যামন্দিরের Applied Chemistry বিভাগের প্রধান ডঃ উত্তম কুমার ঘোড়াইয়ের অধীনে গবেষণারত একজন সিনিয়র রিসার্চ ফেলো।

প্রকাশনা সংবাদ

- বিদ্যামন্দিরের প্রাক্তনী মানস শেঠ (২০০৫-১০)-এর লেখা “টেকি—ইতিহাস • বিশ্বাস • বিবর্তন” সম্প্রতি প্রকাশিত হয়েছে তবুও প্রয়াস প্রকাশনী থেকে। টেকি লোকজ-কারিগরির এক নীরব উত্তরাধিকার। টেকিকে ঘিরে বঙ্গ ও বহির্বঙ্গে গড়ে উঠেছে উৎসব, আচার ও বিশ্বাসের দীর্ঘ পরম্পরা। বাংলা সাহিত্য ও লোকসাহিত্যের নানা ধারায় টেকির অবাধ যাতায়াত। সময়ের ঢেউয়ে বদল এসেছে। রাইস মিলের কাছে হার মেনেছে টেকি। তবু সে হারিয়ে যায়নি—গানে উৎসবে ঐতিহ্যের মাইলফলক হয়ে রয়ে গেছে। নারীদের বন্দিত্বের মধ্যে টেকি এনেছিল ক্ষণিক মুক্তির

স্বাদ; নারদমুনির সঙ্গে যার অঙ্গাঙ্গী যোগ, তাকে কি ভোলা যায়? সেই টেকি আজও কেমনভাবে বাঙালির হৃদয়ে, সময়ের আলপনায় সাজানো এক নৈবেদ্য হয়ে আছে, সেকথাই এই সুখপাঠ্য বইটিতে বর্ণিত হয়েছে। বইটির ভূমিকা লিখেছেন বরেন্দ্র লোকসাহিত্যিক বরুণকুমার চক্রবর্তী। তাঁর একটি মন্তব্য প্রণিধানযোগ্য— “টেকির এনসাইক্লোপিডিয়া বলে অভিহিত করলাম বর্তমান গ্রন্থটিকে”। বইটির মুদ্রিত মূল্য ৩৫০ টাকা। মুদ্রা সাহিত্য ২০২৫ পুরস্কার পেয়েছে গ্রন্থটি। লেখক বর্তমানে ব্যাঙেলের এলিট কো-এড উচ্চ-মাধ্যমিক স্কুলের বাংলা বিষয়ের শিক্ষক।

- বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৮৭-৯০, অর্থনীতি) কবি দেবাশীষ মুখোপাধ্যায়ের ষষ্ঠ কাব্যগ্রন্থ “নাকছাবির সংকেত” প্রকাশিত হল কলকাতা বইমেলা ২০২৬-এ ‘এবং অধ্যায়’ প্রকাশনী থেকে। বইটির কবিতাগুলি একটু অন্য ধারার— প্রাত্যহিকতার প্রেম, ভালোবাসা থেকে পূর্ণতার দিকে যাত্রা। বইটি পাঠকের আশীর্বাদ লাভ করে বাংলা কবিতার জগতে এক অন্য ধারা বয়ে আনুক, এই শুভকামনা রইল। বইটির মুদ্রিত মূল্য ২০০ টাকা।
- আমাদের বিশিষ্ট প্রাক্তনী রামকুমার মুখোপাধ্যায় (১৯৭৩-৭৬) তাঁর “হরপার্বতী কথা” উপন্যাসের জন্য এ বছর কে. কে. বিড়লা দ্বারা প্রবর্তিত ‘সরস্বতী সন্মান’-এ ভূষিত হয়েছেন। এই সন্মান প্রতি বছর এমন একটি অসাধারণ সাহিত্যকর্মকে দেওয়া হয় যা ভারতের কোনও একটি ভাষায় রচিত এবং গত ১০ বছরের মধ্যে প্রকাশিত। দীর্ঘ ২২ বছর পরে বাংলায় এল এই সন্মান। এর আগে বাংলা থেকে এই সর্বভারতীয় সাহিত্য সন্মান পেয়েছিলেন কবি শঙ্খ ঘোষ এবং সুনীল গঙ্গোপাধ্যায়। সন্মানের স্বীকৃতিস্বরূপ লেখককে দেওয়া হয় ১৫ লক্ষ টাকা, মানপত্র ও একটি স্মারক। আমরা গর্বিত, আনন্দিত। তাঁর কলম সচল থাকুক, দীর্ঘজীবী হোক, এই প্রার্থনা।

পুনর্মিলন উৎসব : একটি প্রতিবেদন

বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের ২৭তম পুনর্মিলন উৎসব অনুষ্ঠিত হয় ৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে। প্রচলিত প্রথা অনুসারে সকাল ৭টায় বিদ্যামন্দিরের শ্রীভবনে প্রার্থনা কক্ষে শ্রীশ্রী ঠাকুর-মা-স্বামীজীর পূজা অর্চনার মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভারম্ভ হয়। সকাল ৮ টায় বিদ্যামন্দিরের মূল ভবনের দ্বি-তলে বৈদিক মন্ত্রোচ্চারণের মধ্য দিয়ে পতাকা উত্তোলন করেন সংসদের সভাপতি শ্রীযুক্ত তপন কুমার ঘোষ মহাশয়। পতাকা উত্তোলনের সময় উপস্থিত ছিলেন স্বামী দেবরাজানন্দ, স্বামী শেখরানন্দ, স্বামী ত্যাগরূপানন্দ, স্বামী মহাপ্রজ্ঞানন্দ, শ্রী নীতানিরঞ্জন কুণ্ডু, শ্রী বিশ্বনাথ দাস, শ্রী শুভেন্দু মজুমদার, উপাধ্যক্ষ স্বামী জিষ্ণুরূপানন্দ ও অন্যান্য বিশিষ্ট সন্ন্যাসী ও ব্রহ্মচারীবৃন্দ, সংসদের সহ-সভাপতিদ্বয় ও অন্যান্য প্রাক্তনীরা। এর পরেই বিবেকানন্দ হলে প্রাতরাশ পর্ব শুরু হয়। রুম নম্বর ৮-এ তে পূর্ব পরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট ৬ টি কাউন্টারে ৭-৩০ মিনিট থেকে আগত প্রাক্তনী, আমন্ত্রিত অতিথিবৃন্দ, শিক্ষক-শিক্ষিকামী ও ছাত্রাবাস কর্মীদের নাম নথিভুক্ত করা শুরু হয়। সকাল ৯টা ৩০ মিনিটে বিদ্যামন্দিরের বর্তমান ও প্রাক্তন ছাত্রদের প্রদর্শনী-ভলিবল ম্যাচ শুরু হয়, ম্যাচে জয় লাভ করে প্রাক্তন ছাত্ররা। সকাল ১০টা ১৫ মিনিট থেকে বিবেকানন্দ সভাগৃহে সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয়। গান-স্মৃতিকথা-কবিতা-আবৃত্তি প্রভৃতির মধ্য দিয়ে প্রাক্তনীরা সানন্দে জমিয়ে তোলেন সাংস্কৃতিক আয়োজনটুকু। দুপুর ১টা থেকে শুরু হয় মধ্যাহ্নভোজন। বর্তমান ছাত্র, সারদাপীঠের সমস্ত কর্মীসহ মোট প্রায় ২১০০ জনের বেশি মধ্যাহ্নভোজনে উপস্থিত ছিলেন। বিবেকানন্দ সভাগৃহে দ্বি-প্রাহরিক পুনর্মিলন সভা শুরু হয় দুপুর ২.৩০ মিনিটে, মধ্যে উপস্থিত ছিলেন স্বামী জ্যোতীরূপানন্দ, স্বামী

মেধসানন্দ, স্বামী মহাপ্রজ্ঞানন্দ, স্বামী জিষ্ণুরূপানন্দ, ভূতপূর্ব অধ্যাপক পিনাকীপ্রসাদ ভট্টাচার্য, শ্রী তপনকুমার ঘোষ, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার এবং বিদ্যামন্দিরের শিক্ষক সংসদের কোষাধ্যক্ষ শ্রী শৌভিক দত্ত। প্রাক্তনীরা তাদের ছাত্রাবাস জীবনের স্মৃতি ও বিদ্যামন্দির থেকে লব্ধ মূল্যবোধ তাদের কর্মজীবনে প্রয়োগের অভিজ্ঞতা তুলে ধরেন। পূর্ববর্তী ধারা অনুযায়ী অনুষ্ঠানে এ বছরে ১৯৯৬-২০০০ বর্ষের মধ্যে বিদ্যামন্দিরে প্রবেশকারী প্রাক্তনীদের সংবর্ধনা দেওয়া হয়। এছাড়া কিছু বিশিষ্ট প্রবীণ প্রাক্তনীদেরও সংবর্ধনা দেওয়া হয় যাঁরা ১৯৫০ সালের পূর্বে বিদ্যামন্দির থেকে পাস করে গেছেন। গত পুনর্মিলন উৎসবের পর থেকে অবসরপ্রাপ্ত বিদ্যামন্দিরের শিক্ষক, শিক্ষাকর্মী ও ছাত্রাবাস কর্মীদের সংবর্ধনা দেওয়া হয়। এরপর সমবেত কণ্ঠে “পুরানো সেই দিনের কথা...” দিয়ে দ্বিপ্রাহরিক অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



শ্রীভবন প্রার্থনাকক্ষে বিশেষ পূজা (বৌদিকে), রেজিস্ট্রেশন কক্ষে সপরিবারে প্রাক্তনীরা (ডানদিকে)



ভলিবল খেলার একটি মুহূর্ত (বৌদিকে), সময় বদলেছে, কিন্তু বন্ধুত্বের রং আজও আগের মতোই উজ্জ্বল (ডানদিকে)



পংক্তিভোজনে রসনাতৃপ্তির সঙ্গে হৃদয়ও ভরে উঠল পুরনো দিনের গল্পে (বৌদিকে), দ্বিপ্রাহরিক পুনর্মিলন সভায় মঞ্চে বিশিষ্ট ব্যক্তিবর্গ (ডানদিকে)



এক ছাদের নিচে, এক হৃদয়ের বন্ধনে- হাজারো স্মৃতির মিলনমেলা (বাঁদিকে),
সন্ধ্যা সাংস্কৃতিক অনুষ্ঠানে অধ্যক্ষ মহারাজ কর্তৃক বাদ্যযন্ত্রীদের বরণ (ডানদিকে)

বৈকালিক চা পানের বিরতির পর সন্ধ্যায় যন্ত্র সঙ্গীতের অনুষ্ঠান পরিবেশন করেন শিল্পী শ্রী রাজু বল ও তাঁর সহশিল্পীরা। এঁদের কেউ কেউ অতীতে কিংবদন্তী শিল্পী শ্রী সলিল চৌধুরী এবং শ্রী ভূপেন হাজারিকার সঙ্গে বাদ্যযন্ত্রে সহযোগিতা করেছিলেন। এই বছরের পুনর্মিলন উৎসবে ৭৭০ জন প্রান্তনী, ৩১৩ জন প্রান্তনীদেবের সঙ্গে আগত অতিথি এবং ১৩২ জন আমন্ত্রিত অতিথি অংশগ্রহণ করেছিলেন।

প্রান্তনী সংসদ সমাচার

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রান্তনী সংসদ দীর্ঘদিন ধরে বিভিন্ন সমাজসেবামূলক প্রকল্প অব্যাহত রাখার যে ব্রত গ্রহণ করেছিল তা নির্ধারিত সূচী অনুযায়ী চলছে। বিদ্যামন্দির এবং বিদ্যামন্দিরের বাইরে সমাজের জন্য পূর্ব-গৃহীত প্রকল্পগুলি, অতিমারী ও অতিমারী-উত্তর সময়ে বিদ্যামন্দির প্রান্তনী সংসদ প্রায় অবিচ্ছিন্নভাবে চালিয়ে যাচ্ছে। সব প্রকল্পগুলি নিয়ে এই কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হল।

স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা : গত ১৭ জানুয়ারি, ২০২৬, শনিবার রামকৃষ্ণ মিশন শতবার্ষিকী মহাবিদ্যালয়, রহড়াতে অনুষ্ঠিত হয়ে গেল পঞ্চম স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা ও স্বামী শিবময়ানন্দ স্মারক পুরস্কার প্রদান অনুষ্ঠান। এই অনুষ্ঠানে স্মারক বক্তৃতা প্রদান করেন এই আশ্রমের সম্পাদন স্বামী জয়ানন্দ মহারাজ। এ বছর বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ স্মারক পুরস্কার তুলে দেন এই

মহাবিদ্যালয়ের স্নাতকোত্তর পদার্থবিদ্যার দ্বিতীয় বর্ষের ছাত্র শ্রীমান সুপ্রকাশ সাহু-র হাতে।



স্মারক বক্তৃতারত স্বামী জয়ানন্দ



সুপ্রকাশ সাহকে স্মারক পুরস্কার প্রদান

এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহাবিদ্যালয়ের অধ্যক্ষ স্বামী কমলাস্থানন্দ, পরীক্ষা নিয়ামক স্বামী বেদানুরাগানন্দ এবং প্রাক্তনী সংসদের সভাপতি, সম্পাদকসহ অন্যান্য সদস্যবৃন্দ।

ছাত্রবৃত্তি প্রকল্প : বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ বর্তমান ছাত্রদের উচ্চশিক্ষার জন্য এই ছাত্রবৃত্তি প্রকল্পটিকে বাস্তবায়িত করে চলেছে। ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা গত ২০২৫-২৬ অর্থবর্ষে মোট ২,৮৬,৫০২ টাকা সংসদের হাতে তুলে দেন। ১৯৭১-৭৪ বর্ষের প্রাক্তনীরা ২৮,০০০ টাকা, ১৯৭৬-৭৯ বর্ষের প্রাক্তনীরা ১,৫০,০০০ টাকা, ১৯৮১-৮৪ বর্ষের প্রাক্তনীরা ৯৪,৫০২ টাকা সংগ্রহ করে দিয়েছেন। এইসব সংগৃহীত অর্থ ব্যাঙ্কে বিভিন্ন তহবিলে জমা করা হয়। সেই জমা-করা অর্থ থেকে সুদ-বাবদ যে অর্থ পাওয়া যায় সেই অর্থ দিয়ে বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের পড়াশোনার জন্য ৮,৪৭,৫০০ টাকা দেওয়া হয়েছে। এছাড়াও বিদ্যামন্দিরের সদ্য-প্রাক্তনীদের অনুদান ও অন্যান্য সাহায্য মিলিয়ে ২৫,০০০ টাকা দেওয়া হয়েছে। বিশেষভাবে উল্লেখ্য যে, বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের জন্যও সংসদের পক্ষ থেকে মোট ১,৩৪,০০০ টাকা দেওয়া হয়েছে।

পুনর্মিলন উৎসব : বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের উদ্যোগে ২৭-তম পুনর্মিলন উৎসব বিগত ৮ ফেব্রুয়ারী ২০২৬ তারিখে আয়োজন করা হয়েছে। (বিস্তারিত প্রতিবেদন এই সংখ্যায় অন্যত্র উল্লিখিত হয়েছে)।

বিশেষ বক্তৃতা : রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের যৌথ উদ্যোগে গত ২৭ জুন, ২০২৬, শনিবার, একটি বিশেষ বক্তৃতার আয়োজন হয়েছিল। আলোচনার বিষয় ছিল ‘সেবা — একটি সাধনার ধারা’। বক্তা ছিলেন পূজনীয় শ্রীমৎ স্বামী জ্ঞানব্রতানন্দজী মহারাজ, কার্যাদ্যক্ষ, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, বেণুড় মঠ।



বিশেষ বক্তৃতা প্রদানরত স্বামী জ্ঞানব্রতানন্দ (উপরে)
সভায় উপস্থিত প্রাক্তনী সংসদের সদস্যগণ (নিচে)



এই বিশেষ বক্তৃতায় ‘সেবা’-র আধ্যাত্মিক তাৎপর্য, জীবন গঠনে তার ভূমিকা এবং

ভারতীয় ভাবধারায় সেবার আদর্শ নিয়ে মূল্যবান আলোচনা হয়। এই সভায় School of Indian Heritage Studies-এর প্রশিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। এই আলোচনাটি খুব মনোগ্রাহী ও তথ্যসমৃদ্ধ হয়েছিল। এই দিনের সভায় বিদ্যামন্দিরের অধ্যক্ষ, প্রাক্তনী সংসদের সদস্যবৃন্দ ও ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা : গত ১ মার্চ ২০২৬ তারিখে ‘স্বামী তেজসানন্দ স্মারক ক্রিকেট প্রতিযোগিতা’ অনুষ্ঠিত হয়েছে। এই ক্রিকেট প্রতিযোগিতা ১৯৭১-গ্র্যাজুয়েট-ব্যাচের প্রাক্তনীদেব অর্থানুকূল্যে ও বিশেষ উদ্যোগে আয়োজিত হয়ে থাকে।



প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের সঙ্গে প্রাক্তনীরা

এই ২০-ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন বিদ্যামন্দিরের আউটগোয়িং ছাত্ররা এবং অপরদিকে বিদ্যামন্দিরের বাকি ছাত্রদের নিয়ে আর একটি দল তৈরি করা হয়। বিদ্যামন্দিরের আউটগোয়িং ছাত্ররা এই খেলায় জয়ী হয়। দুই দলের হাতেই কাপ তুলে দেওয়া

হয় এবং তৎসহ সকল অংশগ্রহণকারী খেলোয়াড়ের হাতেই স্মারক পুরস্কার তুলে দেওয়া হয়েছে।

স্বাস্থ্যপ্রকল্প : প্রাক্তনী সংসদ দীর্ঘকাল যাবৎ বেলুড় শ্রমজীবী হাসপাতালের সঙ্গে স্বাস্থ্যপ্রকল্পের কাজে অংশগ্রহণ করে চলেছে। বিগত মার্চ ২০২৬ সালে আর্থিকভাবে দুঃস্থ রোগীদের চিকিৎসা-বাবদ ৭৫০০ টাকা দেওয়া সম্ভব হয়েছে। এছাড়াও বিদ্যামন্দিরের প্রাক্তন শিক্ষাকর্মী শ্রী কৃষ্ণমোহন ঘোষকে হিয়ারিং এইড ক্রয় করার জন্য ১০,০০০ টাকা প্রদান করা হয়েছে।

রানি রাসমণি স্মারক বক্তৃতা : প্রতি বছরের মতো এবছরও ‘রানি রাসমণি স্মারক বক্তৃতা’ আগামী ১৫ আগস্ট ২০২৬ তারিখে বিদ্যামন্দিরে বেলা ১১.৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। এবছর বক্তৃতার বিষয় হল— ‘ভারতীয় সাহিত্যে নারীর নিজস্ব স্বর’। এই সভায় বক্তব্য রাখবেন বিশিষ্ট সাহিত্যিক ও প্রাক্তনী শ্রী রামকুমার মুখোপাধ্যায়।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত বিদ্যামন্দির পরিবার, প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

News from Vidyamandira (December 2025 to May 2026)

1) Seminars & Lectures:

a) Memorial Lectures: The following Memorial/Endowment Lectures were organized during the said period:

Date	Memorial/Endowment Lecture	Topic	Speaker
28-02-2026	Prof. Somesh Chandra Bagchi Memorial Lecture	The Discovery of the Accelerating Expansion of the Universe and the	Dr. Supriya Pan, Presidency University, Kolkata

		Beginning of a New Era in Cosmology (National Science Day)	
19-03-2026	Prof. Dilip Kumar Mukherjee Memorial Lecture	Advanced Nanomaterials Steering Health and Energy Transition	Prof. Sanjay Mathur, Director, Institute of Inorganic & Materials Chemistry, University of Cologne, Germany
24-03-2026	Sister Nivedita Memorial Lecture	সত্যের আলোকে নেতাজী	Dr. Jayanta Chowdhury, Eminent Researcher on Netaji Subhas Chandra Bose
02-04-2026	Swami Tathagatananda Memorial Lecture	Political Ideas of Rabindranath Tagore	Prof. Sibaji Pratim Basu, Former VC Vidyasagar University
11-04-2026	Ambika Sarakar & Jadunath Majumder Memorial Lecture	‘রক্তকরবী’ আজ	Sri Koushik Chattopadhyay, Eminent Theatre Actor & Director

b) Special Lectures and Seminars: International, National, Departmental and Weekly Seminars, Extension & Special Lectures organized during the period:

Date	Topic	Speaker
07-12-2025	ব্যবহারিক বেদান্তের আলোকে শ্রীমা সারদা দেবীর জীবন ও বাণী	Revered Srimat Swami Ishatmanandaji Maharaj, Minister In-Charge & President, Vivekananda Vedanta Society, Chicago
12-12-2025	Application of AI in Research and Ethical Concern	1) Dr. Achala Munigal, Deputy Librarian, Osmania University 2) Prof. Susmita Chakraborty, Associate Prof., Calcutta University
14-12-2025	Introduction to Case Study	Prof. Nilanjana Sanyal, Retd. Former Head, Psychology Dept., University of Calcutta

14-12-2025	পূজা তত্ত্ব ও পূজার আয়োজন	Swami Priyanandaji Maharaj & Swami Diptanandaji Maharaj, Ramakrishna Math, Cossipore
17-12-2025 to 18-12-2025	Ashtanga Yoga	Sri Jayanta Hore, Editor, Bardhaman Yoga Centre
19-12-2025	Design and analysis of experiments, complex computer models and optimization	Dr. Abhyuday Mandal, Professor, University of Georgia, USA
19-12-2025	Emerging paradigms in Health Research : High Dimensional Immune Profiling and Behavioural Medicine	1) Dr. Anirban Sengupta, Post. Doc. Medicine Dept., Karolinska Institute, Sweden 2) Dr. Biswadeep Dhar, Asst. Prof., Health Science Dept., James Madison University, Virginia, USA
21-12-2025	Beyond Conventional Horizons : Architecting Future Proof Careers in a Global Economy	1) Sri Arka Ghosh, Global Tech (TCS) 2) Sri Soumya Roy, Management Insights (IIM) 3) Dr. Debabrata Giri, ESGG (Carbon Credit)
17-01-2026	Decode the Digital Mind (360° Media & Cognitive Strategy)	Sri Susanta Kumar Lahiri, Senior Marketing & Management Professional
17-01-2026	Symposium on Ritwik Ghatak “যুক্তি তর্কো আর গল্পো : ঋত্বিক এক শো”	Sri Samudra Guha, Eminent Theatre Personality
18-01-2026	From Analytics to Incubation Smart & Digital Innovation	Sri Tapash Ghosh, Finance Professional, 18+ years experience in Accounting, Analytics, Ethics & Collaboration
18-01-2026	The Future is Immersive Advance 3D Animation & Visual Storytelling: Your Path to Global Employment	Sri Prasun Purohit, Asst. Prof. of Animation & Graphic Design, 3D Animation, Motion Graphics & VFX Specialist
18-01-2026	The "Architect of Code" Next-Gen Apps & Intelligent Software Code of Future	Dr. Meghdoot Ghosh, Principal, Institute of Hospital Administration (Affiliated to MAKAUT)
18-01-2026	Be Fearless: The Vivekananda Way	Sri Mriganka Bhattacharya, Soft Skills Trainer & Motivational Speaker

28-01-2026 & 29-01-2026	Experimental Learning : Bridging Theory & Experiment	1) Dr. Uttam Kumar Ghorai, RKMV 2) Debasis Jana, RKMV 3) Syed Shahed Riaz, RKMV 4) Sekhar Gain, RKMV 5) Anirban Samanta, RKMV 6) Asadulla Mallick, RKMV 7) Sudip Subba, RKMV
30-01-2026	Indian Knowledge Systems and the Limits of Eurocentric Ways of Knowing	Dr. Emili Puig I Vilaró, University of Girona, Spain
07-02-2026	Recent Trends in Statistical Physics and Condensed Matter	1) Prof. Tridib Sadhu, TIFR, Mumbai 2) Prof. Amlam J. Pal, IACS, Kolkata 3) Prof. Anupam Kundu, ICTS-TIFR, Bengaluru 4) Prof. P.K. Mohanty, IISER, Kolkata 5) Prof. Atindra Nath Pal, SNBNCBS, Kolkata
27-02-2026	Chemistry Now : A Multi-Disciplinary Deep Dive	1) Amitava Das, IISER Kolkata 2) Sukhendu Mondal, IISER Thiruvanthapuram 3) Abhisekh Dey, IACS, Kolkata 4) Basudeb Maji, Bose Institute, Kolkata 5) Biplab Maji, IISER Kolkata
09-03-2026	কবিতার আড্ডা	Conducted by Prof. Gopal Chandra Bayen, Associate Prof., Bengali Dept., RKMVM
13-03-2026	Unleash Your Inner Entrepreneur	1) Arnab Chakraborty, Director, HiEERA Empretec India Foundation 2) Prodosh Basu Roy, Advisor, HiEERA Empretec India Foundation
14-03-2026	Career Awareness Seminar	1) Mr. Sourav Pal, Reach India Tech Mahindra SMART Project 2) Ms. Abantika Barua, Reach India Tech Mahindra SMART Project
04-04-2026	The Science Behind Marketing Psychology & Consumer Behaviour	Shri Mrinal Chakraborty, Eminent Mental Toughness Trainer and Motivational Speaker
07-04-2026	Exploring Quantum Matter Through Transport Phenomena	Prof. Anindya Das, IISC Bengaluru
08-04-2026	Indo-Iran relations in the context of the recent crisis in the Middle East	Prof. Kingshuk Chatterjee, History Dept., University of Calcutta

18-04-2026	Identity & Self Expression through Fashion	1) Sri Mrinal Kanti Sarkar, Asst. Prof. in Design and Aesthetics, Silpa-Sadan, Visva Bharati 2) Sri Abhisek Roy, Eminent Fashion Designer (Bollywood & Tollywood)
25-04-2026	Happiness Without Fear	1) Major Krishna Veer Singh, Wellness Advisor & Motivational Strategist 2) Col. (Dr.) Shantonu Roy, Leadership Expert & Academician
26-04-2026	Secure Your Future : Banking Insurance & Stock Market	Sri Bhaskar Ganguly, Former Director, Rural Self-Employment Training Institute, Govt. of India
30-04-2026	Teaching Beyond the Classroom in the Age of MOOCs	Prof. Sarbajit Manna, Comp. Sc. Dept., RKMV
09-05-2026	The Magic of 3D (Decision, Direction, Destination)	Shri Mrinal Chakraborty, Eminent Mental Toughness Trainer and Motivational Speaker
23-05-2026	Vikshit Bharat 2027 : Bank, Insure, & Invest	Sri Bhaskar Ganguly, Former Director, Rural Self-Employment Training Institute, Govt. of India
24-05-2026	Some Aspects of Indirect Methods of Data Collection	Prof. Raghunath Arnab, University of KwaZulu-Natal, South Africa

2) Activities of NSS & NCC wings of Vidyamandira:

The NSS wing organised the following:

- A Winter Cloth Distribution Programme was held on 20th February, 2026 at Rishra Bose House Campus.
- A Blood Donation Camp was held on 21st February 2026 at Rishra Bose House Campus.

3) Cultural Events:

- Observance of 40th National Youth Day:** National Youth Day was celebrated on 12th January 2026, at Belur Math. Students of Vidyamandira participated in the ceremony like previous years.
- Celebration of 129th Birthday of Netaji Subhas Chandra Bose:** 129th Birthday of Netaji Subhas Chandra was celebrated on 23rd January 2026, at college campus.
- Observance of 77th Republic Day:** 77th Republic Day was observed by hoisting the National Flag on 26th January 2026, at college campus.
- Saraswati Puja** was held on 23rd January 2026, at college campus.

- (e) **Annual Sports Meet** took place on 5th February 2026, participation of students, faculty members, supporting staff members & monastic members of RKM Vidyamandira made this event a grand success.
- (f) **Celebration of 191th Birthday of Bhagawan Sri Ramakrishna Paramhansa Deva:** It was celebrated on 19th February 2026, at Belur Math. Students of Vidyamandira participated in that ceremony. The Public Celebration (Sri Ramakrishna's Birth Anniversary) was held on 22nd February 2026.

4) **Teachers' Achievements:**

- a) **Dr. Dipanjan Muhuri**, Dept. of English, was invited as a keynote speaker at Serampore Girls' College on 16th December 2025 at a one-day seminar entitled "Reflection on Women Empowerment in Education and Culture"
- b) **Dr. Arindam Sarkar**, HoD, Dept. of Computer Science, participated at Global RSA Conference 2026 held in San Francisco, USA on 23rd to 25th March 2026. He was also invited as a chief resource person for a lecture by the Dept. of Industrial & Systems Engineering, San Jose State University, California, USA on 26th March, 2026.
- c) **Dr. Diptendu Sarkar**, HoD, Dept. of Microbiology, has been appointed as the State President (West Bengal) of the Microbiology Society, India (MBSI).
- d) **Dr. Uttam Kumar Ghorai**, HoD, Dept. of Industrial Chemistry, has been awarded the Prof. Asima Chatterjee Award-2026 (National Young Scientist Award) in recognition of his outstanding contributions to the field of Chemistry. The award was conferred upon him during the International Conference on Chemistry for Human Development (ICCHD-2026).

5) **Students' Achievements:**

- a) **Sri Apurba Ghosh**, UG, 3rd Yr, Zoology Dept. have secured 3rd Position in a photography competition organized by Bijoy Krishna Girls' College, Howrah on 17th December 2025.
- b) Two groups of students from the Political Science Dept. participated at an Inter-College Quiz Competition 2025 on 19th December 2025 held at Bijoy Krishna Girls College and secured the following positions:
1st Prize: Sri Jurain Dey, Sri Biswajit Das, Sri Sayantan Das. Sri Soustav Halder.
2nd Prize: Sri Abhishek Mondal, Sri Pritam Barman, Sri Arkaraj Sarkar, Sri Joydeep Ghosh.
- c) Our students achieved the following ranks in different events in the Inter-College District Sports Championship (2025-26) organised by Shibpur Dinobandhu Institute (College), Howrah at Shyampur Siddheswari Mahavidyalaya playground on 7th February 2026:

Sl. No.	Event	Position Achieved	Name of the Student
1	Discus Throw	1st	Sri Bijoy Koley
2	Discus Throw	3rd	Sri Santu Raul
3	Long Jump	2nd	Sri Diganta Gayen
4	Javelin Throw	3rd	Sri Santu Raul
5	High Jump	3rd	Sri Asfakul Aman Tarafder

- d) **Sri Nilmadhab Mukherjee**, Senior Research Fellow has received the MRSI Young Scientist Award 2025 for his contribution to advanced materials research at Young Scientists' Colloquium 2025 organised by Kolkata Chapter on 17th February 2026.
- e) **Sri Omm Pahari & Sri Shubhadip Sahoo**, UG – III, Chemistry Dept. have secured 1st Position in Inter-College Poster Presentation Competition organised by the Chemistry Dept. of South Calcutta Girls' College as a part of National Science Day 2026 on 28th February 2026.
- f) **Sri Ankan Mukherjee & Sri Arpan Bera**, UG – III, Zoology Dept. have secured 3rd Position at poster presentation competition organised by the Behavioural and Experimental Lab, Calcutta University held on 9th March 2026.
- g) **Sri Anik Dey & Sri Chinmay Mahato**, jointly secured 3rd position at **Infernica 2026** event held on 13th April 2026 at Ramakrishna Mission Residential College, Narendrapur.
- h) **Sri Sourish Dey & Sri Shankhadeep Mahato** secured 1st position in the event 'Mathematical Charades' and 2nd position in Cipher Quest at INFINITY 2026 held on 11th April 2026 at Ramakrishna Mission Residential College, Narendrapur.

6) Some other Information:

- a) The 13th Convocation of our college was held on 15th December 2025 and the convocation address was delivered by Prof. Suman Chakraborty, Director, Indian Institute of Technology, Kharagpur, and the Degree to the graduating students were conferred by Prof. Diptendu Chatterjee, Inspector of Colleges, Calcutta University.

- b) The following MoU's have been signed between **Ramakrishna Mission Vidyamandira (RKMV) & :**
- i) **Barasat Government College (BGC)** for academic enrichments including sharing of faculties & Students, organising seminars and workshops jointly, conducting collaborative research etc.
 - ii) **Dr. B.C. Roy Academy of Professional Courses, Durgapur** for various Research, Professional & Academic project related works.
 - iii) **Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)** for Academic & Research linkage programmes.
 - iv) **Udaynarayanpur Madhabilata Mahavidyalaya** for academic collaboration & collaborative research works.
- c) **Swami Mahaprajnanandaji**, Principal, RKMV was identified as a Mentor by the Department of Higher Education, Govt. of WB, for Howrah, Hooghly, North 24 Parganas district, for an initiative named as '**Orientation Workshops on NIRF Methodology**'.
- d) An academic visit program to **ICMR- National Institute for Research in Bacterial Infection (NIRBI), Kolkata** was organised by the Microbiology Dept. under DBT Star College Scheme for the students of Microbiology & Zoology Dept. on 13th January 2026. This visit aimed at providing exposure to the students regarding advance research facilities, hands-on insights into bacterial infection, public health microbiology & translational research etc.
- e) Political Science Dept., RKMV, Howrah and IQAC, Bijoy Krishna Girls' College, Howrah in collaboration with Council for Political Studies organised a panel discussion on 'India and Her Neighbours' under Rajasri Basu Memorial Programme on 9th January 2026.
- f) An academic laboratory visit program to UGC DAE Consortium for Scientific Research, Kolkata Centre, New Town was organised for the students of Physics Dept. under DBT Star College Scheme on 24th February 2026.
- g) An outreach activity was initiated for the nearby school students (various non-science departments) at Dasarathi Hazra Memorial College by the Physics Dept. of RKMV under DBT Star College Scheme on 27th February 2026. This program aimed to grow interest in science to the fundamentals of physics through interactive lectures, demonstration, and hands-on laboratory exposure.
- h) **Swami Mahaprajnanandaji**, Principal, RKMV was invited as an eminent empanelled speaker on "**Reawakening the Spiritual Vector— Towards One Humanity**" at **IIT Kharagpur Park, New Town, on February 24th, 2026**. This prestigious event focuses on elevating institutional standards across the region to contribute to the evolving landscape of higher education towards the commitment of academic excellence.
- i) An educational tour to Alipore Zoological Park was organised for the students of Zoology Department to study behavioural activities of animals on 14th March 2026.

SCHOLARSHIP FOR OTHER THAN VIDYAMANDIRA STUDENTS IN 2025-26

SWAMI ADISWARANANDA - SWAMI GOKULANANDA MEMORIAL SCHOLARSHIP

Name of the Student	Year & Course	Now studying in	Amount
Sri Subha Kayal	XII	Dulduli Mathbari Debnarayan High School	₹ 2,500
Kum. Srabani Mridha	XII	Jogeshganj High School	₹ 2,500
Sri Suvajit Mistri	XII	Jogeshganj High School	₹ 2,500
Sri Amit Sardar	XII	Raniganj Jyotishpur High School	₹ 2,500
Sri Jit Mondal	XII	Basirhat High School	₹ 2,500
Sri Subhadip Baidya	B.A., 1st Year	Hingalganj Mahavidyalay	₹ 3,000
Kum. Manami Mridha	B.A., 1st Year	Sundarban Hazi Desarat College	₹ 3,000
Kum. Koyel Sardar	B.A., 1st Year	Taki Government College	₹ 3,000
Kum. Riya Das	M.A., 1st Year	Government College of Art and Craft	₹ 3,500
Kum. Chandmoni Tudu	B.A., 2nd Year	Lalgarh Government College	₹ 2,000
Kum. Sunia Mardi	B.A., 2nd Year	Lalgarh Government College	₹ 2,000
Kum. Rekha Mardi	B.A., 2nd Year	Lalgarh Government College	₹ 2,000
Kum. Purnima Hembram	B.A., 2nd Year	Lalgarh Government College	₹ 2,000
Kum. Jabarani Kisku	B.A., 2nd Year	Lalgarh Government College	₹ 2,000
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 35,000

SWAMI SANTARUPANANDA MEMORIAL SCHOLARSHIP

Name of the Student	Year & Course	Now studying in	Amount
Kum. Supriya Chakraborty	2nd Year	Medinipur Government Primary Teachers Training Institute	₹ 3,000
Kum. Pratima Paria	2nd Year	Medinipur Government Primary Teachers Training Institute	₹ 3,000
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 6,000

SWAMI TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP

Sri Somnath Pal	2nd Year, MBBS	North Bengal Medical College and Hospital	₹ 3,000
Sri Mayuk Roy	2nd Year, MBBS	North Bengal Medical College and Hospital	₹ 3,000
Sri Bhadu Mondal	2nd Year, MBBS	North Bengal Medical College and Hospital	₹ 3,000
Sri Kupan Roy	3rd Year, MBBS	North Bengal Medical College and Hospital	₹ 3,000
Sri Sahajan Sheraj	3rd Year, MBBS	Jalpaiguri Medical College and Hospital	₹ 3,000
Kum. Shrabani Bag	UG, 2nd Year	Shyampur Siddheswari College	₹ 3,000
Kum. Uma Bag	UG, 3rd Year	Shyampur Siddheswari College	₹ 3,000

Kum. Anjana Sardar	UG, 3rd Year	Shyampur Siddheswari College	₹ 3,000
Kum. Shreya Samanta	UG, 2nd Year	Shyampur Siddheswari College	₹ 3,000
Kum. Dipika Mondal	UG, 4th Year	Shyampur Siddheswari College	₹ 3,000
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 30,000

TAPATI CHAKRABORTY MEMORIAL SCHOLARSHIP

Kum. Ambika Midya	BA, 2nd Year	Ghatal Rabindra Satabarsikhi Mahavidyalaya	₹ 3,000
Kum. Sumana Das	1st Year	Medinipur Government Primary Teacher Training Institute	₹ 3,000
Kum. Arpita Mandal	B.A., 2nd Year	Chandrakona Vidyasagar Mahavidyalaya	₹ 3,000
Sri Sandip Malik	B. Tech., 3rd Year	Jadavpur University	₹ 3,000
Sri Aranya Kunti	B.A., 1st Year	Ghatal Rabindra Satabarsikhi Mahavidyalaya	₹ 3,000
Sri Goutam Patra	PG, 1st Year	Jadavpur University	₹ 5,000
Sri Gourab Saha	UG, 1st Year	IIT, Kharagpur	₹ 5,000
Kum. Sathi Chakraborty	UG, 2nd Year	Dr.Bhupendra Nath Dutta Smrity Mahavidyalaya	₹ 5,000
Kum. Priya Hazra	UG, 3rd Year	Dr.Bhupendra Nath Dutta Smrity Mahavidyalaya	₹ 5,000
Sri Tanu Malik	UG, 2nd Year	Dr. Gour Mohan Roy College	₹ 5,000
Kum. Parsi Soren	UG, 1st Year	Jhargram Raj College	₹ 3,000
Kum. Sankhi Murmu	UG, 1st Year	Jhargram Raj College	₹ 3,000
Kum. Sabitri Hansda	UG, 1st Year	Mednapore College	₹ 3,000
Kum. Mukta Sardar	UG, 1st Year	Mednapore College	₹ 3,000
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 52,000

LATE DR. TILAK CHANDAN MAL MEMORIAL SCHOLARSHIP

Name of the Student	Year & Course	Now studying in	Amount
Kum. Nabina Roy	M.A., 1st Year	University of Calcutta	₹ 5,000
Sri Siddhartha Mondal	XII	Shyambazar AV School	₹ 3,000
Sri Jolly Mondal	B.A., 2nd Year	Vidyasagar Womens' College	₹ 3,000
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 11,000

ANANDA MOHAN GHOSH - DEBASIS GHOSH - AHANA GHOSH MEDICAL SCHOLARSHIP

NO SCHOLARSHIPS AWARDED DURING THIS YEAR

**TOTAL SCHOLARSHIPS TO OTHER THAN VIDYAMANDIRA STUDENTS IN
FY 2025-2026: Rs. 134,000**

FUND-WISE LIST OF DONATIONS FOR 2025-2026

Purpose of Donation	No. of Donors	Total Amount
SW. VIMUKTANANDA-DHYNATMANANDA MEM. SCH. FUND	8	₹ 32,100
GRADUATES OF 1971 SCHOLARSHIP FUND	36	₹ 286,502
1971-74 GRADUATES SCHOLARSHIP FUND	5	₹ 28,000
1976-79 BATCH SCHOLARSHIP FUND	13	₹ 150,000

1981-84 GRADUATES BATCH STUDENTS WELFARE FUND	24	₹ 94,502
LATE BHABESCHANDRA MAL MEMORIAL SCH. FUND	1	₹ 500,000
LATE DR. TILAK CHANDAN MAL MEMORIAL SCH. FUND	1	₹ 500,000
SW. TATHAGATANANDA MEMORIAL SCHOLARSHIP FUND	1	₹ 2,000
HEALTHCARE FUND	1	₹ 10,000
VIVEKANANDA SAMMELAN FUND	1	₹ 100,000
SWAMI TEJASANANDA MEMORIAL FUND	1	₹ 1,000
SW. SHIVAMAYANANDA MEMORIAL FUND	2	₹ 10,000
SW. PRABHANANDA MEMORIAL RESEARCH FUND	3	₹ 20,000
SW. TEJASANANDA MEMORIAL CRICKET TOURNAMENT FUND	8	₹ 38,000
ENDOWMENT LECTURE FUND	2	₹ 101,000
COMMUNITY OUTREACH FUND	18	₹ 96,601
VINAY BHAWAN DEVELOPMENT PROJECT FUND	1	₹ 2,000,000
DONATION FOR REUNION	12	₹ 29,150
TOTAL AMOUNT OF DONATION RECEIVED DURING 2025-2026	138	₹ 3,998,855

Donations to Permanent Endowment Funds now require a consent form to be submitted by the donor. The blank form can be downloaded from Alumni website at www.alumnividyamandira.in or from the Facebook page of the Alumni Association. Donors are requested to take a printout of the consent form, duly fill the form and send us the form either by post or courier. They may also send a scanned copy of the consent form by email to alumnividyamandira@gmail.com or to Alumni WhatsApp no. 7003615034.

"We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet."

—Swami Vivekananda



Published by Shuvendu Majumder, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni